

চট্টগ্রাম ওয়াসা

SDG অভীষ্ট (Goal) নং- ৬ অনুযায়ী শতভাগ নিরাপদ সুপেয়পানি সরবরাহ নিশ্চিতকল্পে, চট্টগ্রাম ওয়াসা সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় গত নভেম্বর, ২০১৬ মাসে কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্পটির সফল সমাপ্তি ঘোষণা করে। প্রকল্পটি বিগত ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুব উদ্বোধন করার পর চট্টগ্রাম ওয়াসার অতিরিক্ত দৈনিক ১৪.৩ কোটি লিটার পানি সরবরাহ বৃদ্ধি পেয়েছে। পরবর্তীতে নভেম্বর, ২০১৮ খ্রিঃ হতে শেখ রাসেল পানি শোষণাগার চালু হওয়ার ফলে আরও ৯ কোটি লিটার পানি মোট উৎপাদনের সাথে যুক্ত হয়েছে। বর্তমানে চট্টগ্রাম ওয়াসার পানির মোট উৎপাদন ক্ষমতা দৈনিক ৩৬ কোটি লিটার। চাহিদার শতভাগ পানি সরবরাহের লক্ষ্যে চট্টগ্রাম ওয়াসা নিম্নে উল্লেখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করছে।

প্রকল্পের নাম	বাস্তবায়ন কাল	পানি সরবরাহের ক্ষমতা (কোটি লিটার)
কর্ণফুলী পানি সরবরাহ প্রকল্প (২য় পর্যায়) (KWSP-2)	জানুয়ারী, ২০২২	১৪
ভান্ডাল জুরী পানি সরবরাহ প্রকল্প (BJWSP)	সেপ্টেম্বর, ২০২২	৬

নিরাপদ স্যানিটেশনের জন্য ইতোমধ্যে চট্টগ্রাম ওয়াসা চট্টগ্রাম শহরের জন্য স্যানিটেশন মাস্টার প্ল্যান প্রনয়ণ করেছে। বিগত ৭ নভেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে একনেক সভায় ৩৮০৮.৫৮ কোটি টাকার একটি পয়ঃনিষ্কাশণ প্রকল্প অনুমোদন হয়েছে। বর্তমানে কারিগরী উপদেষ্টা নিয়োগ প্রক্রিয়া চলছে।

SDG অভীষ্ট (Goal) নং- ৯ অনুযায়ী চট্টগ্রাম ওয়াসায় বিভিন্ন সেবা প্রদানমূলক কাজে গুণগত পরিবর্তন সম্পাদিত হয়েছেঃ

- ওয়েবসাইটে জনস্বার্থে বিভিন্ন তথ্য প্রদান (www.ctg-wasa.org.bd) ।
- Online Billing System (www.ebill.ctg-wasa.org.bd) এর মাধ্যমে গ্রাহকবৃন্দকে তাঁদের পানির বিল সংক্রান্ত নানা তথ্যাদি প্রদান।
- Online Payment Posting System (www.eposting.ctg-wasa.org.bd) এর মাধ্যমে তালিকাভুক্ত ব্যাংকের শাখাসমূহে গ্রাহক কর্তৃক পরিশোধিত বিলের তথ্য চট্টগ্রাম ওয়াসার কম্পিউটার সার্ভারে স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ।
- গ্রাহকবৃন্দের অভিযোগ প্রদানের জন্য ওয়েবসাইটে Complain Box সংযোজন।
- মোবাইল অপারেটরদের (GP, Robi) মাধ্যমে গ্রাহক কর্তৃক পরিশোধিত বিলের তথ্য চট্টগ্রাম ওয়াসার কম্পিউটার সার্ভারে স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ।
- SMS এর মাধ্যমে গ্রাহকবৃন্দকে পানির বিলের তথ্য ও বিভিন্ন বিজ্ঞপ্তি অবহিতকরণ।
- চট্টগ্রাম ওয়াসার দরপত্র সংক্রান্ত কাজ সরকারী ওয়েব পোর্টাল e-GP (www.eprocure.gov.bd) এর মাধ্যমে সম্পন্নকরণ।
- গভীর নলকূপের লাইসেন্স সংক্রান্ত (www.dtw.ctg-wasa.org.bd) বিল পরিশোধের জন্য কম্পিউটারের ডাটাবেইজে প্রয়োজনীয় তথ্যাবলী সংরক্ষণের মাধ্যমে গ্রাহকবৃন্দকে প্রিন্টেড বিল প্রদান, অনলাইনের মাধ্যমে তাঁদের লাইসেন্স সংক্রান্ত বিল ও নানা তথ্যাদি প্রদান।
- গভীর নলকূপের লাইসেন্স সংক্রান্ত বিল পরিশোধের পর গ্রাহকবৃন্দকে নিশ্চিতকরণ SMS প্রদান।
- পানির বিল পরিশোধের পর গ্রাহকবৃন্দকে বিল পরিশোধের নিশ্চিতকরণ SMS প্রদান।
- Customer Complaints Tracking System (www.ccts.cwasa.info) এর মাধ্যমে গ্রাহকের অভিযোগ ও মতামত/পরামর্শ গ্রহন।